গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৮৪/২০১৯-২০২০
ঢাকা, ২১ অক্টোবর সোমবার ২০১৯, ০৫ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাপানের উদ্দেশে রাষ্ট্রপতির ঢাকা ত্যাগ
২। ভোলার ঘটনায় জড়িত কাউকে ছাড় নয় : প্রধানমন্ত্রী
৩। বঙ্গবন্ধু-শেখ হাসিনার ওপর রুশ ভাষায় প্রকাশিত বই প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর
৪। পারস্পরিক স্বার্থে ভিয়েতনামের সঙ্গে বাণিজ্য জোরদারের আহ্বান প্রধানমন্ত্রীর ; ভিয়েতনামের বিদায়ি রাষ্ট্রদূতের সাক্ষাৎ
৫। কক্সবাজারের সোনাদিয়ায় কোনো শিল্পকারখানা না করার নির্দেশ প্রধানমন্ত্রীর
৬। গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুবলীগ নেতাদের সাক্ষাৎ
৭। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নশীল দেশের কাতারে বাংলাদেশ : মার্কিন প্রতিনিধিদলের সাক্ষাৎকালে স্পিকার
৮। আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নতুন কমিটিতে বিতর্কিতরা স্থান পাবে না : সেতুমন্ত্রী
৯। কেউ আইনশৃঙ্খলার অবনতি ঘটালে তাকে ছাড় দেয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী
১০। গণতন্ত্র জোরদার করার জন্য আমরা শক্তিশালী বিরোধীদল চাই : তথ্যমন্ত্রী
১১। পাঁচ বছরে ই-গভর্ন্যান্স সূচকে সেরা ৫০-এ থাকবে বাংলাদেশ ওয়ান স্টপ সার্ভিস একপে, একসেবা ও একশপ উদ্বোধনকালে প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা
১২। হাইকোর্টে ৯ অতিরিক্ত বিচারক নিয়োগ, আজ শপথ

চলমান পাতা-২

১। **জাপানের উদ্দেশে রাষ্ট্রপতির ঢাকা ত্যাগ**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জাপান ও সিঙ্গাপুরে আট দিনের সরকারি সফরে গতকাল (২০ অক্টোবর রোববার) ঢাকা ত্যাগ করেছেন। টোকিও সফরকালে রাষ্ট্রপতি আগামীকাল (২২ অক্টোবর মঙ্গলবার) জাপানের নতুন সম্রাট নারুহিতো ও সম্রাজ্ঞী মাসাকোর অভিষেক অনুষ্ঠানে যোগ দেবেন। ২৩ অক্টোবর টোকিওর হোটেল নিউ ওটানিতে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে বৈঠক করবেন কসোভোর প্রেসিডেন্ট হাশিম থাওই। রাষ্ট্রপতি এ হোটেলে জাপানের প্রধানমন্ত্রী শিনজো আবে আয়োজিত ভোজসভায় অংশ নেবেন। দেশে ফেরার সময় রাষ্ট্রপতি দুই দিনের সফরে সিঙ্গাপুর যাবেন। ২৭ অক্টোবর রাষ্ট্রপতির ঢাকায় ফেরার কথা রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৪,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **ভোলার ঘটনায় জড়িত কাউকে ছাড় নয় : প্রধানমন্ত্রী**

ভোলার বোরহানউদ্দিনে সংঘর্ষের ঘটনায় দেশবাসীকে ধৈর্য ধরার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, যারাই এ ঘটনায় জড়িত থাকুক, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এ ঘটনায় যারা ঘোলা পানিতে মাছ শিকারের চেষ্টা করছেন, তাদের কাউকে ছাড় দেওয়া হবে না। গতকাল (২০ অক্টোবর রোববার) গণভবনে যুবলীগের সঙ্গে বৈঠকে সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। যুবলীগের আসন্ন কংগ্রেস নিয়ে নির্দেশনা দিতে সংগঠনটির শীর্ষ নেতাদের সঙ্গে ঐ বৈঠক করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠকে মুক্তিযুদ্ধের চেতনায় অসাম্প্রদায়িক রাষ্ট্র গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করে তিনি বলেন, যার ধর্ম তার কাছে। কাজেই সব ধর্মের মানুষ এদেশে সম্মানের সঙ্গে বসবাস করবে। এটাই এদেশের নিয়ম। বাংলাদেশ যেন শান্তিপূর্ণ অসাম্প্রদায়িক চেতনায় গড়ে ওঠে, সেটাই তার সরকার চায়। তিনি বলেন, উদ্দেশ্যেপ্রণোদিতভাবে দেশে একটা অশান্ত পরিবেশ সৃষ্টি করতে এসব ঘটনা ঘটানোর চেষ্টা করা হয়। যখনই দেখা যায় দেশটা একটু ভালোভাবে চলছে, অগ্রগতি হচ্ছে- তখনই একটা শ্রেণি নানাভাবে অশান্ত পরিবেশ সৃষ্টি করতে চায়। এটা যেন কোনোভাবে করতে না পারে, সেজন্য সাধারণ মানুষের কাছে সহযোগিতা চাই। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **বঙ্গবন্ধু-শেখ হাসিনার ওপর রুশ ভাষায় প্রকাশিত বই প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনার ওপর রুশ ভাষায় অনূদিত ও প্রকাশিত তিনটি বই গতকাল (২০ অক্টোবর রোববার) প্রধানমন্ত্রীর কাছে হস্তান্তর করা হয়েছে। বইগুলো হলো শেখ মুজিবুর রহমান ও বাংলাদেশের জন্ম, বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী এবং শেখ হাসিনার সঙ্গে অধ্যাপক ড. ভি নাওমকিনের আলাপচারিতা। অনুবাদক ও প্রকাশক রাশিয়ান একাডেমি অভ্ সায়েন্সেস এর অরিয়েন্টাল স্টাডিজের অধ্যাপক ড. ভি নাওমকিন বইগুলো হস্তান্তর করেন। শেখ হাসিনার সঙ্গে অধ্যাপক ড. ভি নাওমকিনের আলাপচারিতার বইটি রুশ ভাষার পাশাপাশি বাংলা, ইংরেজি ও আরবি এ তিনটি ভাষায়ও প্রকাশিত হয়েছে। এ সময় প্রধানমন্ত্রী **১৯৭১** সালে মুক্তিযুদ্ধকালে রুশ সরকার ও জনগণের সহযোগিতার পাশাপাশি চট্টগ্রাম বন্দর থেকে মাইন অপসারণসহ যুদ্ধবিধ্বস্ত জাতি গঠনে তাদের সহযোগিতার কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। ড. ভি নাওমকিন বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার গতিশীল নেতৃত্বে গত এক দশকে অভাবনীয় উন্নতি অর্জন করেছে বাংলাদেশ। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

৪। **পারস্পরিক স্বার্থে ভিয়েতনামের সঙ্গে বাণিজ্য জোরদারের আহ্বান প্রধানমন্ত্রীর ;**
**ভিয়েতনামের বিদায়ি রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পারস্পরিক মুনাফার স্বার্থে বাংলাদেশ এবং ভিয়েতনামের মধ্যে ব্যবসা-বাণিজ্য জোরদার করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, দক্ষিণ-পূর্ব এশিয়ায় বিশাল জনসংখ্যা রয়েছে এবং এ অবস্থাকে কাজে লাগিয়ে আমরা আমাদের ব্যবসা-বাণিজ্যকে বৃদ্ধি করতে পারি। বাংলাদেশে নিযুক্ত ভিয়েতনামের রাষ্ট্রদূত ত্রাণ ভ্যান খোয়া গতকাল (২০ অক্টোবর রোববার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে তাঁর সঙ্গে বিদায়ি সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। প্রধানমন্ত্রী ভিয়েতনামের রাষ্ট্রদূতের মাধ্যমে ভিয়েতনামের প্রধানমন্ত্রীর কাছে তাঁর শুভেচ্ছা প্রেরণ করেন এবং ২০১২ সালে তাঁর ভিয়েতনাম সফরের কথাও স্মরণ করেন। ভিয়েতনামের রাষ্ট্রদূত বাংলাদেশের সঙ্গে ভিয়েতনামের ব্যবসা, পর্যটন এবং জনগণের সঙ্গে জনগণের সংযোগ স্থাপনের ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধিতেও গুরুত্বারোপ করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **সমকাল** (পৃ.৪,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৭,ক.৫), **নিউ এজ** (পৃ.৪,ক.২)।

৫। **কক্সবাজারের সোনাদিয়ায় কোনো শিল্পকারখানা না করার নির্দেশ প্রধানমন্ত্রীর**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোনাদিয়ায় কোনো ধরনের শিল্পকারখানা স্থাপন না করার জন্য সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করে বলেছেন, কক্সবাজারের এ দ্বীপটিতে ইকো ট্যুরিজম উন্নত করা হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২০ অক্টোবর রোববার) তাঁর কার্যালয়ে 'বঙ্গবন্ধু শেখ মুজিব শিল্পনগর' এর ওপর বেজা কর্তৃক একটি পাওয়ারপয়েন্ট উপস্থাপনা দেখার সময় সংশ্লিষ্টদের এ নির্দেশনা প্রদান করেন। প্রধানমন্ত্রী বেজা কর্তৃপক্ষকে শ্রমিকদের আবাসন এবং একইসঙ্গে শিল্প এবং আইটি ক্ষেত্রের বর্জ্য ব্যবস্থাপনা এবং পরিবেশের বিষয়ে লক্ষ্য রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি একইসঙ্গে এ শিল্পনগরীকে জলোচ্ছ্বাস এবং সাইক্লোনসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশ দেন। চট্টগ্রাম এবং ফেনী জেলার তিনটি উপজেলা-মীরসরাই, সীতাকুন্ড এবং সোনাগাজীর প্রায় ৩০ হাজার একর জমির ওপর বঙ্গোপসাগরের সন্দ্বীপ চ্যানেলের তীরবর্তী ২৫ কিমি এলাকা নিয়ে এ শিল্পনগরী প্রতিষ্ঠা হচ্ছে। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **অবজারভার** (শেষ পৃ,ক.৪)।

৬। **গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুবলীগ নেতাদের সাক্ষাৎ**

যুবলীগের চেয়ারম্যানের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে ওমর ফারুক চৌধুরীকে। সেইসঙ্গে ২৩ নভেম্বর অনুষ্ঠেয় সংগঠনের সপ্তম জাতীয় কংগ্রেসের প্রস্তুতি কমিটিও গঠন করা হয়েছে। এ কমিটিতে সংগঠনের প্রেসিডিয়াম সদস্য চয়ন ইসলামকে আহ্বায়ক এবং সাধারণ সম্পাদক হারুনুর রশীদকে সদস্য সচিব করা হয়েছে। একইসঙ্গে যুবলীগের নেতৃত্ব দেওয়ার বয়সসীমা নির্ধারণ করা হয়েছে সর্বোচ্চ ৫৫ বছর। গতকাল (২০ অক্টোবর রোববার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে যুবলীগ নেতাদের বৈঠকে এসব সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠক শেষে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের সাংবাদিকদের বলেন, ওমর ফারুক চৌধুরীকে অব্যাহতি দেওয়া হলেও এখন পর্যন্ত কাউকে ভারপ্রাপ্ত চেয়ারম্যান করা হয়নি। এখন থেকে কংগ্রেস প্রস্তুতি কমিটিই সংগঠনের সব কার্যক্রম পরিচালনা করবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৬)।

৭। **প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নশীল দেশের কাতারে বাংলাদেশ : মার্কিন প্রতিনিধিদলের সাক্ষাৎকালে স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ ইতোমধ্যে উন্নয়নশীল দেশের কাতারে প্রবেশ করেছে। যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক অঙ্গরাজ্যের সিনেটর লুইস সেপুলভেদার নেতৃত্বে ৫ সদস্যের প্রতিনিধিদল গতকাল (২০ অক্টোবর রোববার) সংসদ ভবনে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। স্পিকার বলেন, বাংলাদেশ ২০২১ সালের মধ্যে মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে উন্নত সমৃদ্ধ রাষ্ট্রে পরিণত হবে। সাক্ষাৎকালে তাঁরা শিক্ষা ও সংস্কৃতি বিনিময়, বাংলাদেশের উন্নয়ন, বাণিজ্য প্রসার, নারীর ক্ষমতায়ন, তৈরি পোশাকসহ বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। প্রতিনিধিদল বাংলাদেশের সঙ্গে শিক্ষা ও সংস্কৃতি বিনিময় এবং বাংলাদেশি কমিউনিটির জন্য তৈরিপোশাক ও খাদ্যপণ্য আমদানির আগ্রহ প্রকাশ করে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৮), **সংবাদ** (পৃ.৪,ক.১)।

৮। **আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নতুন কমিটিতে বিতর্কিতরা স্থান পাবে না : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নতুন কমিটিতে বিতর্কিত ব্যক্তিরা কোনো পদ পাবেন না। গতকাল (২০ অক্টোবর রোববার) সচিবালয়ে সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ের সভাকক্ষে সমসাময়িক বিষয় নিয়ে আয়োজিত সংবাদসম্মেলনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। একাদশ সংসদ নির্বাচনে মানুষ ভোট দিতে পারেনি-১৪ দলের শরিক ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেননের এমন বক্তব্যের প্রতিক্রিয়া জানতে চাইলে মন্ত্রী বলেন, তিনি কী বলেছেন, সেটা মিসকোটেড হয়েছে কিনা, সেটা জানার বিষয়। তার কাছ থেকেই জানা দরকার। যদি তিনি বলেই থাকেন, তাহলে আমার প্রশ্ন হচ্ছে, এতদিন পরে কেন, নির্বাচন তো অনেক আগে হয়ে গেছে। মন্ত্রী হলে তিনি এসব কথা বলতেন কিনা সে প্রশ্ন তোলেন সেতুমন্ত্রী। সূত্র **: সংবাদ** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** ( পৃ.১,ক.৫)।

৯। **কেউ আইনশৃঙ্খলার অবনতি ঘটালে তাকে ছাড় দেয়া হবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, দেশে সুশাসন প্রতিষ্ঠা করার লক্ষ্যে অবৈধ কাজে সম্পৃক্ত দুর্নীতিপরায়ণ ব্যক্তিদের চিহ্নিত করে আইনের আওতায় আনতে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, আর তারই ধারাবাহিকতায় অভিযান চলবে। দেশে কোন সন্ত্রাস-দুর্নীতিবাজ থাকবে না, সবাইকে আইনের মুখোমুখি হতে হবে, কাউকে ছাড় দেয়া হবে না। যারা দেশে অবৈধভাবে টাকাপয়সার মালিক হয়েছে, তাদেরও আইনের আওতায় আনা হচ্ছে। দেশে বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। কেউ আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটালে তাকে ছাড় দেয়া হবে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ এখন বিশ্বের বুকে উন্নয়নের রোল মডেল। গতকাল (২০ অক্টোবর রোববার) সাভারের আশুলিয়া থানাধীন পুকুরপাড় এলাকায় একটি পোশাক কারখানা উদ্বোধন শেষে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১৯,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩), **ডেইলি সান** (পৃ,২,ক.৬)।

১০। **গণতন্ত্র জোরদার করার জন্য আমরা শক্তিশালী বিরোধীদল চাই : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, গণতন্ত্র জোরদার করার জন্য আমরা শক্তিশালী বিরোধীদল চাই। আমরা চাই, শক্তিশালী বিরোধীদল পার্লামেন্টে আমাদের কাজের গঠনমূলক সমালোচনা করার পাশাপাশি রাজপথেও সক্রিয় থাকুক। ক্যাসিনোর বিরুদ্ধে সাম্প্রতিক অভিযান সম্পর্কে তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা রাষ্ট্র থেকে সব অনিয়ম ও দুর্নীতি নির্মূলের পদক্ষেপ নিয়েছেন। পর্যায়ক্রমে সব দুর্নীতিবাজের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। গতকাল (২০ অক্টোবর রোববার) রাজধানীর তথ্য ভবনে গণযোগাযোগ বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার উপায় উদ্ভাবনের লক্ষ্যে জেলা তথ্য কর্মকর্তাদের জন্য আয়োজিত দিনব্যাপী এক কর্মশালার উদ্বোধনের পর তিনি সাংবাদিকদের এসব কথা বলেন। তথ্য প্রতিমন্ত্রী ড. মুরাদ হাসান ও তথ্য সচিব আবদুল মালেক এ সময় উপস্থিত ছিলেন। সূত্র **: সংবাদ** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.৫,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৫)।

**১১। পাঁচ বছরে ই-গভর্ন্যান্স সূচকে সেরা ৫০-এ থাকবে বাংলাদেশ**
**ওয়ান স্টপ সার্ভিস একপে, একসেবা ও একশপ উদ্বোধনকালে প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা**

প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, ডিজিটাল সেবার বিস্তৃতি ও উন্নতি ঘটিয়ে বাংলাদেশ আগামী পাঁচ বছরে জাতিসংঘের ই-গভর্ন্যান্স উন্নয়ন সূচকে সেরা ৫০টি দেশের তালিকায় থাকবে। গতকাল (২০ অক্টোবর রোববার) রাজধানীর আগারগাঁওয়ের আইসিটি টাওয়ারে ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজি (আইসিটি) বিভাগ আয়োজিত ই-গভর্নমেন্ট মাস্টারপ্ল্যান রিপোর্ট প্রকাশ এবং এটুআইয়ের তিনটি নাগরিক সেবা-একপে, একসেবা ও একশপ উদ্বোধনকালে তিনি এ প্রত্যাশা ব্যক্ত করেন। এসব সার্ভিস থেকে জনগণ বিভিন্ন ধরনের নাগরিক সেবা, ইউটিলিটি বিল প্রদান ও ই-কর্মাস সুবিধা ভোগ করতে পারবে। সজীব ওয়াজেদ জয় বলেন, গত কয়েক বছরে আমরা ডিজিটাল গভর্ন্যান্স ইনডেক্সে ৪০-৫০ ধাপ এগিয়েছি। বাংলাদেশে এখন বিশ্বের আধুনিক আইটি সিস্টেম রয়েছে। ১০ বছর আগে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে যাত্রা শুরুকালে অনেকেই বুঝতে পারেনি ডিজিটাল বাংলাদেশ কী তবে অল্প সময়ের মধ্যেই আমরা বোঝাতে সক্ষম হয়েছি। সূত্র **: ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **সমকাল** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.২)।

**১২। হাইকোর্টে ৯ অতিরিক্ত বিচারক নিয়োগ, আজ শপথ**

হাইকোর্ট বিভাগে নয়জন অতিরিক্ত বিচারক নিয়োগ দিয়েছে সরকার। সংবিধান অনুযায়ী রাষ্ট্রপতির অনুমোদনের পর গতকাল (২০ অক্টোবর রোববার) আইন মন্ত্রণালয় থেকে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন আজ (২১ অক্টোবর সোমবার) সুপ্রিম কোর্টের জাজেজ লাউঞ্জে তাঁদের শপথবাক্য পাঠ করাবেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** বর্তমানে রাজধানীতে কঠিন বর্জ্য অপসারণের ব্যবস্থা অত্যন্ত নাজুক ও সেকেলে উল্লেখ করে স্বাস্থ্যকর পরিবেশ ও জনস্বাস্থ্য বিবেচনায় সঠিক বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

খ. **বণিক বার্তা :** বিশ্বব্যাংকের এক জরিপে দেশের ৫৮ শতাংশ শিশু শিখন দারিদ্র্যের শিকার এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে সার্বজনীন মানসম্মত শিক্ষার জন্য শিক্ষক, ছাত্র-অভিভাবক, বিভিন্ন পেশার মানুষ ও সরকারের মধ্যে ঐক্য গড়ে তোলার আহ্বান।

গ. **যায়যায়দিন :** সৌদি আরবের মদিনায় বাস দুর্ঘটনায় নিহত ৩৬ যাত্রীর মধ্যে **১১**জন বাংলাদেশি ছিলেন উল্লেখ করে প্রবাসে কর্মরতদের খোঁজ-খবর নেয়া ও যেকোনো ধরনের সংকট সৃষ্টি হলে তা তদারকির সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** পারিবারিক হত্যাকাণ্ড আশংকাজনকভাবে বেড়ে চলেছে উল্লেখ করে এ অবস্থা থেকে রক্ষা পেতে পারিবারিক ও সামাজিক মূল্যবোধ পুনঃপ্রতিষ্ঠার বিকল্প নেই বলে মতপ্রকাশ।

ঙ. **জনকণ্ঠ :** নিত্যপণ্যের বাজারে গত কয়েকদিন ধরেই মূল্যবৃদ্ধির প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে উল্লেখ করে নিয়মিত বাজার মনিটরিং ও দাম নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** রেলের বিভিন্ন অনিয়ম-দুর্নীতি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ছ. **ঢাকা ট্রিবিউন :** সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠায় দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে যে পরিমাণ প্রাকৃতিক সম্পদ ও মানবশক্তি রয়েছে তার যথাযথ ব্যবহার করে উৎপাদন বৃদ্ধি করতে পারলে জনগণের মাথাপিছু আয় বৃদ্ধি পাবে ও জীবনযাত্রার মানের বিশেষ পরিবর্তন ঘটবে।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষিত ব্যক্তি নয়, শিক্ষিত বিবেকের অভাব'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, একমাত্র বিবেক ও বুদ্ধিসম্পন্ন মানুষই পারে একটি সমাজকে সকল প্রকার অন্যায়-অনাচারমুক্ত করে দেশ ও জাতিকে সুসভ্য করে গড়ে তুলতে।

#

ফাহিমা/সেলিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা